

কল্যাণী বিশ্ববিদ্যালয় দ্বারা অনুষ্ঠিত আসন্ন
বিএ/ বিএসসি তৃতীয় সেমেস্টার, ২০২১-র
করিমপুর পান্নাদেবী কলেজের
সাম্মানিক ও সাধারণ বিভাগের পরীক্ষার্থীদের
উদ্দেশ্যে বিশেষ বিজ্ঞপ্তি।।

কল্যাণী বিশ্ববিদ্যালয়ের আসন্ন বিএ/ বিএসসি তৃতীয় সেমেস্টার, ২০২১-র
পরীক্ষা সংক্রান্ত করিমপুর পান্নাদেবী কলেজের সমস্ত সংশ্লিষ্ট
পরীক্ষার্থীদের নিম্নলিখিত বিষয়গুলি অবগত করা হচ্ছে:

১। ০৮/০২/২০২২ থেকে পরীক্ষা শুরু হবে, যার সূচী বিশ্ববিদ্যালয় এবং
কলেজ ওয়েবসাইটে পাওয়া যাবে।

২। পরীক্ষার্থীরা তাদের জন্য নির্ধারিত প্রশ্নপত্র সূচী অনুসারে সেই দিনের
সংশ্লিষ্ট পরীক্ষার শুরুর এক ঘন্টা আগে বিশ্ববিদ্যালয় এবং কলেজ
ওয়েবসাইট থেকে সংগ্রহ করতে পারবে।

৩। প্রশ্নের উত্তর লেখার জন্য এ-ফোর সাইজের পৃষ্ঠা ব্যবহার করতে হবে
এবং উত্তর একদিকের পৃষ্ঠাতে লেখাই বাঞ্ছনীয় (অর্থাৎ পাতার দুদিকেই নয়),
নতুবা আপলোড করার সময় ছবি ঝাপসা আসতে পারে।

৪। উত্তরপত্রের প্রতিটি পাতার ওপরে অবশ্য অবশ্য রেজিস্ট্রেশন নম্বর, রোল
নম্বর, বিষয়ের নাম এবং কোন পেপার উল্লেখ করা বাধ্যতামূলক নতুবা
উত্তরপত্র বাতিল হবার সম্ভাবনা থাকবে। আর প্রতিটি পৃষ্ঠার ওপরে বা নীচে
পৃষ্ঠাসংখ্যা অবশ্যই লিখতে হবে এবং উত্তরপত্র আপলোড করার সময়

পৃষ্ঠাসংখ্যা অনুযায়ী ধারাবাহিক ভাবে আপলোড করতে হবে, অন্যথায় পরীক্ষক উত্তরপত্রটি মূল্যায়ন করতে অসুবিধার সম্মুখীন হবেন।

৫। উত্তর লেখার সময় প্রশ্নের ক্রমিক সংখ্যার অবশ্যই উল্লেখ থাকতে হবে নয়তো পরীক্ষক সেক্ষেত্রে উত্তরটির জন্য নম্বর নাও দিতে পারেন।

৬। পরীক্ষা শেষের নির্ধারিত সময়ের তিরিশ মিনিটের মধ্যে ওই হাতে লেখা উত্তরপত্র স্ক্যান করে / ছবি তুলে (পিডিএফ করে পাঠানোই বাঞ্ছনীয়) যার যা বিষয় ও পত্র সেই অনুযায়ী নিম্নলিখিত বিষয়ভিত্তিক ই-মেল আইডিতে আপলোড করে পাঠাতে হবে:

SUBJECT	E-MAIL ADDRESS
BENGALI	bengali@karimpurpannadevicollege.ac.in
ENGLISH	english@karimpurpannadevicollege.ac.in
PHILOSOPHY	philosophy@karimpurpannadevicollege.ac.in
POLITICAL SCIENCE	politicalscience@karimpurpannadevicollege.ac.in
HISTORY	history@karimpurpannadevicollege.ac.in
GEOGRAPHY	geography@karimpurpannadevicollege.ac.in
SANSKRIT	sanskrit@karimpurpannadevicollege.ac.in
PHYSICAL	physicaleducation@karimpurpannadevicollege.ac.in

EDUCATION	
PHYSICS	physics@karimpurpannadevicollege.ac.in
CHEMISTRY	chemistry@karimpurpannadevicollege.ac.in
MATHEMATICS	mathematics@karimpurpannadevicollege.ac.in
BOTANY	botany@karimpurpannadevicollege.ac.in
ZOOLOGY	zoology@karimpurpannadevicollege.ac.in

যার যা বিষয় ও পত্র সে এই উপরোক্ত নির্ধারিত ই-মেল আইডিতে উত্তরপত্র পাঠাবে।

৭। বর্তমান কোভিড অতিমারী পরিস্থিতিতে সরকারী নির্দেশানুযায়ী শারীরিক দূরত্ববিধি রক্ষা করার কারণে এই অনলাইন পরীক্ষাব্যবস্থা গ্রহণ করা হয়েছে, তাই কোনো অবস্থাতেই অনলাইন ছাড়া আর কোনো উপায়ে উত্তরপত্র জমা দেওয়া যাবে না।

শুধুমাত্র কোনো বিশেষ পরিস্থিতি বা অপ্রতিরোধ্য কোনো কারণ থাকলে একটি আবেদনপত্রের সাথে আলাদাভাবে মুখবন্ধ খামের ভিতর উত্তরপত্র রেখে খামের ওপর নিজের রেজিস্ট্রেশন নম্বর, রোল নম্বর, বিষয়ের নাম এবং কোন পেপার উল্লেখ করে কলেজে এসে জমা করা যাবে (সংশ্লিষ্ট পরীক্ষার্থীর আসার প্রয়োজন নেই, তার অভিভাবক বা মনোনীত প্রতিনিধি এসে সেটি কলেজে জমা দিয়ে যেতে পারে) : তবে সেটি কর্তৃপক্ষের বিবেচনাধীন অর্থাৎ এইভাবে জমা দেবার পেছনের কারণটি যুক্তিসঙ্গত মনে না হলে কর্তৃপক্ষ সেই উত্তরপত্র জমা করার অনুমতি নাও দিতে পারেন।

যারা বিশেষ কারণবশতঃ অনলাইনে খাতা জমা দিতে পারবে না
তাদের খাতা অফলাইনে নিম্নলিখিত সূচী অনুযায়ী জমা নেওয়া হবে :

DATE	SUBJECT	ROOM NO.	TIME
09.02.2022 Wednesday	BENGALI HCC 5	207	12 NOON TO 2 P.M
	HISTORY HCC 5	208	12 NOON TO 2 P.M
	OTHER SUBJECTS HCC 5	209	12 NOON TO 2 P.M
10.02.2022 Thursday	BENGALI HCC 6	207	12 NOON TO 2 P.M
	HISTORY HCC 6	208	12 NOON TO 2 P.M
	OTHER SUBJECTS HCC 6	209	12 NOON TO 2 P.M
11.02.2022 Friday	BENGALI HCC 7	207	12 NOON TO 2 P.M
	HISTORY HCC 7	208	12 NOON TO 2 P.M
	OTHER HCC 7 SUBJECTS	209	12 NOON TO 2 P.M
12.02.2022 Saturday	HGE & HSEC BENGALI	207	12 NOON TO 2 P.M
	HGE & HSEC HISTORY	208	
	HGE & HSEC OTHER SUBJECTS	209	
15.02.2022 Tuesday	ENGLISH GENL. SANSKRIT GENL .	208	12 NOON TO 2 P.M.
16.02.2022 Wednesday	BENGALI GENL. ZOOLOGY GENL.	208	12 NOON TO 2 P.M.
17.02.2022 Thursday	GEOGRAPHY GENL. PHILOSOPHY GENL . SANSKRIT GENL .	208	12 NOON TO 2 P.M.
18.02.2022 Friday	MATHS GENL. PHYSICAL EDUCATION GENL.	208	12 NOON TO 2 P.M.

19.02.2022 Saturday	HISTORY GENL. PHYSICS GENL.	208	12 NOON TO 2 P.M.
21.02.2022 Monday	BENGALI LCC	207	12 NOON TO 2 P.M
	SEC COURSE II	208	12 NOON TO 2 P.M
	SEC COURSE 1 FOR B.Sc.	209	12 NOON TO 2 P.M

*****বিশেষ সূচনা :** প্রত্যেক পরীক্ষার্থী/ তাদের প্রতিনিধিকে বাধ্যতামূলক ভাবে খাতা সশরীরে জমা দেবার প্রমাণ হিসেবে দায়িত্বপ্রাপ্ত কর্মীর সামনে রেজিস্টারে নিজের স্বাক্ষর করতে হবে, নয়তো সেই খাতা জমা পড়েনি বলে গ্রাহ্য হবে।

৮। বিশ্ববিদ্যালয় দ্বারা নির্ধারিত সময়ের মধ্যে উত্তরপত্র জমা না পড়লে সেই উত্তরপত্র কোনো অবস্থাতেই আর জমা নেওয়া হবে না। এই প্রসঙ্গে আবেদন নিবেদন করে কলেজ বা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে ব্যতিব্যস্ত করা যাবে না, আর সেগুলি কোনোমতেই গ্রাহ্য হবে না।

৯। প্র্যাকটিকাল অর্থাৎ ল্যাবরেটোরি ভিত্তিক পরীক্ষাগুলির ক্ষেত্রেও উপরোক্ত নিয়মগুলি প্রযোজ্য।

১০। সমস্ত পরীক্ষার্থীদের নির্দেশ দেওয়া হচ্ছে যে বর্তমান অতিমারীর পরিস্থিতিতে তারা যেন কোনো বিশেষ নির্দেশ ছাড়া বা ৭ নং এ উল্লিখিত বিশেষ পরিস্থিতি ছাড়া পরীক্ষাসংক্রান্ত প্রয়োজনীয় যাবতীয় কার্যাবলী অনলাইন পদ্ধতিতে সম্পন্ন করে।

তাং: ০৫/০২/২০২২

আদেশানুসারে,
ভারপ্রাপ্ত অধ্যক্ষ,
করিমপুর পান্নাদেবী কলেজ, নদীয়া।।